

সৌহার্দ্য

উখিয়া, কক্সবাজার। মার্চ ২০২২

el ©1g, msL v: 5

"Emergency assistance to support COVID-19 response in Cox's bazar camps & host communities (ERSCR) Project"
কক্সবাজার জেলায় বাস্তবায়ন করা হচ্ছে। টিয়ার ফান্ডের আর্থিক ও কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন কর্মসূচি বাস্তবায়ন করার পরিকল্পনা প্রনয়ণ করে এবং সে অনুসারে কক্সবাজার জেলার দুই উপজেলা ও রোহিঙ্গা ক্যাম্পে এসব কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। (রামু উপজেলার খুনিয়াপালং ও কক্সবাজার সদরের ঝিলংজা ইউনিয়ন এবং ক্যাম্প ১ পশ্চিম ও ক্যাম্প ৯ উক্ত প্রকল্পের কর্ম এলাকা)।



আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষনে কিশোরী ও মহিলারা সেলাই মেশিন প্রশিক্ষন নিচ্ছেন। ছবি: মেহেদী, আইজিএ ফ্যাসিলিটেটর, ই এ এস আর প্রকল্প।

শিক্ষার্থীদের একজন ঝিলংজা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের কোনার পাড়া গ্রামের বাসিন্দা আনোয়ারা বেগম তার পরিবারের লোকজন পূর্বে পরিষ্কার পরিচ্ছন্ন বিষয়ে অল্প জানতেন কিন্তু মানতেন না। তারা খাবার আগে, পায়খানা থেকে আসার পরে সাবান দিয়ে হাত পরিষ্কার করতেন না।

কোস্ট ফাউন্ডেশন টিয়ার ফান্ডের সহযোগীতায় কক্সবাজার জেলার বিভিন্ন উপজেলায় করনা কালীন সময়ে জরুরী সহায়তার অংশ হিসেবে উপকরণ বিতরণ ও বিভিন্ন ক্ষেত্রে বর্ধন মূলক প্রশিক্ষনের আয়োজন করছে।

প্রশিক্ষনে অংশগ্রহণের জন্য ইতিমধ্যে ৩০ টি দল নির্ধারন করা হয়েছে যেখানে ১০ জন করে মহিলা অংশ গ্রহন করেছেন। প্রশিক্ষণে সেলাই মেশিনে শিশুদের প্যান্ট, মেয়েদের পায়জামা, ফ্রক, মহিলাদের পেডিকোট, ব্লাউজসহ নানা ধরনের গ্রামীণ পোশাক সেলাই ও সারানোর কাজ শেখানো হচ্ছে।

আনোয়ারা বেগম বলেন প্রশিক্ষন পাওয়ার পর আমি জেনেছি সংক্রামক রোগের বিস্তার রোধ এবং শিশুদের দীর্ঘ, স্বাস্থ্যকর জীবনযাপনে সহায়তা করার জন্য ভাল স্বাস্থ্যবিধি গুরুত্বপূর্ণ। এটি তাদের স্কুলে অনুপস্থিত থেকেও বাধা দেয়। পরিবারের জন্য ভাল স্বাস্থ্যবিধি মানে অসুস্থতা এড়ানো এবং স্বাস্থ্যের যত্নে খরচ করা। আমি ও আমার পরিবার এখন থেকে স্বাস্থ্যবিধি ও হাত ধোয়ার অভ্যাস চালিয়ে যাব বার মাস সুস্থ থাকব।

আনোয়ারা বেগম বলেন প্রশিক্ষন পাওয়ার পর আমি জেনেছি সংক্রামক রোগের বিস্তার রোধ এবং শিশুদের দীর্ঘ, স্বাস্থ্যকর জীবনযাপনে সহায়তা করার জন্য ভাল স্বাস্থ্যবিধি গুরুত্বপূর্ণ। এটি তাদের স্কুলে অনুপস্থিত থেকেও বাধা দেয়। পরিবারের জন্য ভাল স্বাস্থ্যবিধি মানে অসুস্থতা এড়ানো এবং স্বাস্থ্যের যত্নে খরচ করা। আমি ও আমার পরিবার এখন থেকে স্বাস্থ্যবিধি ও হাত ধোয়ার অভ্যাস চালিয়ে যাব বার মাস সুস্থ থাকব।



প্রশিক্ষনে রাশেদা বেগমের (২৮) মতো মধ্যবয়সীদের আগ্রহ ছিল আশা ব্যঙ্গক। ছবি: মেহেদী, আইজিএ ফ্যাসিলিটেটর, ই এ এস আর প্রকল্প।

অংশগ্রহনকারীদের একজন রাশেদা বেগম (২৮) EASCR প্রকল্পের দলে যুক্ত হয়ে নিয়মিত আয় বর্ধনমূলক সেলাই প্রশিক্ষণ করে যাচ্ছেন। তিনি সেলাই কাজ করার মাধ্যমে স্বামীর আয়ের পাশাপাশি নিজে আয় করে পরিবারের সচ্ছলতা ফিরিয়ে আনতে আগ্রহ প্রকাশ্য ব্যক্ত করেন।

কোস্ট ফাউন্ডেশন টিয়ার ফান্ডের সহযোগীতায় কক্সবাজারের উখিয়া উপজেলার খুনিয়া পালং ও জালিয়া পালং ইউনিয়নে এবং রামু উপজেলার ঝিলংজা ইউনিয়নে গ্রামীণ ও প্রান্তিক নারীদের নিয়ে স্বাস্থ্যবিধির উপর প্রশিক্ষনের আয়োজন করে। প্রশিক্ষনগুলোতে ৩০০ মহিলা অংশগ্রহন করেন।

কক্সবাজারের উখিয়া উপজেলার খুনিয়া পালং ও জালিয়া পালং ইউনিয়নে এবং রামু উপজেলার ঝিলংজা ইউনিয়নে গ্রামীণ ও প্রান্তিক নারীদের নিয়ে ৩০ টি দল গঠন করেছে। দলগুলোতে কার্যক্রমের আওতায় আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষন দেওয়া হয়েছে।



প্রশিক্ষনের পর সদস্যরা বাড়ির আশেপাশের খালি জায়গা ব্যবহার করে সবজি চাষের সিদ্ধান্ত নিয়েছেন। ক্ষেত প্রস্তুত করতে সহযোগীতা করছেন সাজেদুল করিম, আইজিএ ফ্যাসিলিটেটর।

আইজিএ ফ্যাসিলিটেটরের পরামর্শে সবজি বাগানের নিয়মিত পরিচর্যা ও যত্নে সদস্যরা। ছবি: সাজেদুল করিম, আইজিএ ফ্যাসিলিটেটর, ই এ এস আর প্রকল্প।

